EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-8855500
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

U.S. EMBASSY DHAKA REMINDER ON VISA SERVICES

DHAKA, JULY 8 – The U.S. Embassy Dhaka promotes and supports legitimate travel to the United States. Historically, the months of June through August have been a very popular time for people to apply for a US visa. Although wait times are currently relatively short and nonimmigrant visa applicants can schedule and receive their appointments within 7-10 days, the wait times are expected to increase substantially as we progress into the months of July and August.

In an effort to improve customer service, and to help travelers avoid any unnecessary delays in their travel plans, we would like to encourage nonimmigrant visa applicants who plan to travel in or after September to wait to schedule a visa interview appointment until closer to the actual travel date. As always, applicants who received a previous visa to the United States that was issued **after** January 1, 2008, are urged to apply for our drop box program. More information on the program is available on the Embassy's website - http://dhaka.usembassy.gov/non-immigrant_visas.html

==========

ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের ভিসা সেবা সংক্রান্ত অনুস্মারক

ঢাকা, ৮ই জুলাই – ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাস বৈধভাবে যুক্তরাষ্ট্রে সফর করাকে সমর্থন ও উৎসাহিত করে। অতীত অভিজ্ঞতা বলে, জুন থেকে আগস্ট মাস যুক্তরাষ্ট্রে ভিসার আবেদনের জন্য অত্যন্ত প্রসিদ্ধ একটি সময়। যদিও সম্প্রতি সাক্ষাৎকারের তারিখ পাওয়ার জন্য অপেক্ষার সময় তুলনামূলক কম এবং ননইমিগ্রেন্ট ভিসা আবেদনকারীদের সাক্ষাৎকার ৭-১০ দিনের মধ্যে নির্ধারিত হয়ে যায়। তবে, আমরা জুলাই থেকে আগস্ট মাসের দিকে এগিয়ে গেলে আবেদনকারীদের সাক্ষাৎকারের তারিখ পাওয়ার জন্য অপেক্ষার এই সময় অনেকটাই বৃদ্ধি পাবে বলে মনে হচ্ছে।

গ্রাহকদের প্রতি সেবার উন্নয়নের প্রচেষ্টার অংশ হিসেবে, এবং সফরকারীদের সফর পরিকল্পনায় অপ্রয়োজনীয় বিলম্ব এড়াতে সহায়তা করত, যেসব ননইমিগ্রেন্ট ভিসা আবেদনকারীগণ সেপ্টেম্বর বা তার পরে যুক্তরাষ্ট্রে সফরের পরিকল্পনা করছেন তাদের প্রকৃত যাত্রার তারিখের কাছাকাছি একটি দিনে ভিসা সাক্ষাৎকার নির্ধারণের জন্য অপেক্ষার করার প্রতি উৎসাহিত করছি। প্রতিবারের মতো, যেসব আবেদনকারীগণ ১লা জানুয়ারি, ২০০৮-এর পরে যুক্তরাষ্ট্রে গমনের জন্য ভিসা পেয়েছেন তাদের আমরা আমাদের ড্রপবক্স কর্মসূচিতে আবেদনের জন্য আহবান জানাচ্ছি। কর্মসূচিটি সম্বন্ধে আরো বিস্তারিত তথ্য আমাদের দূতাবাসের ওয়েবসাইটে - http://dhaka.usembassy.gov/non-immigrant_visas.html পাওয়া যাবে।

==========